

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৮৫

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১০. হায়িয শুরু হলে সালাত আদায় করা ছেড়ে দেয়া প্রসঙ্গে

باب مَنْ قَالَ إِذَا أَقْبَلَتِ الْحَيْضَةُ تَدَعُ الصَّلَاةَ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عَقِيلٍ، وَمُحَمَّدُ بْنُ سَلَمَةَ الْمِصْرِيَّانِ، قَالَا حَدَّثَنَا ابْنُ وَهْب، عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، وَعَمْرَةَ، عَنْ عَائِشَةَ، أَنَّ أُمَّ حَبِيبَةَ بِنْتَ جَحْشٍ، خَتَنَةَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم وَتَحْتَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ اسْتُحِيضَتْ سَبْعَ سِنِينَ فَاسْتَفْتَتْ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَصَلِّي".

_ صحیح : ق

বাংলা

২৮৫। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শ্যালিকা ও 'আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)-এর স্ত্রী উম্মু হাবীবাহ বিনতু জাহশ সাত বছর যাবত রক্ত প্রদরে আক্রান্ত থাকেন। তিনি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এ বিষয়ে মাসআলাহ জিজ্ঞেস করলেন। রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এটা হায়িয় নয় বরং এটা রগবিশেষ থেকে নির্গত রক্ত। কাজেই তুমি গোসল করে সালাত আদায় কর।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, এ হাদীসে আওযায়ী (রহঃ) যুহরী, 'উরওয়াহ, উমরাহ, 'আয়িশাহ্ (রাঃ) বলেন, 'আবদুর রহমান ইবনু আওফের স্ত্রী উম্মু হাবীবা বিনতু জাহশ (রাঃ) সাত বছর যাবত রক্ত প্রদরে আক্রান্ত থাকেন। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে নির্দেশ দিলেনঃ যখন তোমার হায়িয় আসে তখন সালাত ছেড়ে দিবে, আর যখন হায়িয় চলে যাবে গোসল করে সালাত আদায় করবে।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

قَالَ أَبُو دَاوُدَ زَادَ الأَوْزَاعِيُّ فِي هَذَا الْحَدِيثِ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ وَعَمْرَةَ عَنْ عَائِشَةَ قَالَتِ اسْتُحِيضَتْ أُمُّ



حَبِيبَةَ بِنْتُ جَحْشٍ _ وَهِيَ تَحْتَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفِ سَبْعَ سِنِينَ فَأَمَرَهَا النَّبِيُّ صلى الله عليه وسلم قَالَ " إِذَا أَقْبَلَت الْحَيْضَةُ فَدَعِي الصَّلَاةَ وَإِذَا أَدْبَرَتْ فَاغْتَسِلِي وَصَلِّي " .

_ صحيح .

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, উপরোক্ত বক্তব্য আওযায়ী ব্যতীত যুহরীরর আর কোন শিষ্য উল্লেখ করেননি। যুহরীর থেকে এই হাদীস বর্ণনা করেছেন আমর ইবনুল হারিস, লাইস, ইউনুস, ইবনু আবূ যেব, মা'মার, ইবরাহীম ইবনু সা'দ, সুলায়মান ইবনু কাসীর, ইবনু ইসহাক ও সুফিয়ান ইবনু উয়াইনা প্রমুখ। তারা উপরোক্ত বক্তব্য উলেখ করেননি।

সহীহ।

قَالَ أَبُو دَاوُدَ وَلَمْ يَذْكُرْ هَذَا الْكَلَامَ أَحَدٌ مِنْ أَصْحَابِ الزُّهْرِيِّ غَيْرَ الأَّوْزَاعِيِّ وَرَوَاهُ عَنِ الزُّهْرِيِّ عَمْرُو بْنُ الْحَارِثِ وَاللَّيْثُ وَيُونُسُ وَابْنُ أَبِي ذِنْبٍ وَمَعْمَرٌ وَإِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ وَسُلَيْمَانُ بْنُ كَثِيرٍ وَابْنُ إِسْحَاقَ وَسُفْيَانُ بْنُ عُدِي وَسُلَيْمَانُ بْنُ كَثِيرٍ وَابْنُ إِسْحَاقَ وَسُفْيَانُ بْنُ عُدُو وَلَمْ يَذْكُرُوا هَذَا الْكَلَامَ .

ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেন, ইবনু 'উয়াইনাহও তাতে শব্দগত কিছু বাড়িয়ে বলেছেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে হায়িযের দিনগুলোতে সালাত ছেড়ে দেয়ার নির্দেশ দেন।' তবে এটা ইবনু উয়াইনার ধারণাবিশেষ। এছাড়া যুহরী থেকে মুহাম্মাদ ইবনু আমর বর্ণিত হাদীসে যা কিন্তু রয়েছে, তা আওযায়ী বর্ণিত হাদীসেরই কাছাকাছি।

قَالَ أَبُو دَاوُدَ وَإِنَّمَا هَذَا لَفْظُ حَدِيثِ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ . قَالَ أَبُو دَاوُدَ وَزَادَ ابْنُ عُيَيْنَةَ فِيهِ أَيْضًا أَمَرَهَا أَنْ تَدَعَ الصَّلَاةَ أَيَّامَ أَقْرَائِهَا .

_ صحیح : م ، تقدم (۲۸۱) .

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, এটা হলো হিশাম বিন উরওয়ার হাদীসের শব্দ। তিনি তার পিতা থেকে এবং তার পিতা 'আয়িশাহ (রাঃ) থেকে বর্ণনা করেন।

সহীহ : মুসলিম। এটি গত হয়েছে ২৮১ নং- এ।

English

'Aishah said:

Umm Habibah, daughter of Jahsh and sister-in-law of Messenger of Allah (ﷺ)m and wife of 'Abd al-Rahman b. 'Awf, had a prolonged flow of blood for seven years. She inquired from the Messenger of Allah (ﷺ) about it. The



Messenger of Allah (ﷺ) said: This is not menstruation, but this (due to) a vein. Therefore, wash yourself and pray.

Abu Dawud said: In this tradition which is transmitted by al-Zuhri from 'Urwah and 'Urwah on the authority of 'Aishah, al-Awza'i added: She ('Aishah) said: Umm Habibah daughter of Jahsh and wife of 'Abd al-Rahman b. 'Awf had a prolonged flow of blood for seven years. The Prophet (ﷺ) commander her saying: When the menstruation begins, abandon prayer; when it is finished, take a bath and pray.

Abu Dawud said: None of the disciple of al-Zuhri mentioned these words except al-Awza'i, from al-Zuhri it has been narrated by 'Amr b. al-Harith, al-Laith, Yunus, Ibn Abi Dhi'b, Ma'mar, Ibrahim b. Sa'd, Sulaiman b. Kathir, Ibn Ishaq and Sufyan b. 'Uyainah, they did not narrate these words.

Abu Dawud said: These are the words of the version reported by Hisham b. 'Urwah from this father on the authority of 'Aishah.

Abu Dawud said: In this tradition Ibn 'Uyainah also added the words: He commander her to abandon prayer during her menstrual period. This is a misunderstanding on the part of Ibn 'Uyainah. The version of this tradition narrated by Muhammad b. 'Amr from al-Zuhri has the addition similar to that made by al-Awza'i in his version.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ হায়িয়, অনুঃ মুস্তাহাযার শিরা, হাঃ ৩২৭), মুসলিম (অধ্যায়ঃ হায়িয়, অনুঃ মুস্তাহাযা এবং তার গোসল ও সালাত) ইবনু শিহাব সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন